গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
স্বাস্থ্য শাখা
শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০.
www.dife.gov.bd

বিষয়: **কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উপমহাপরিদর্শকের কার্যালয় ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত 'ফিডব্যাক' সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মো: নাসির উদ্দিন আহমেদ**<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | : | ২৮ অক্টোবর,, ২০২১ খ্রিষ্টাব্দ |
| সভার সময় | : | দুপুর ১২: ০০ ঘটিকা |
| সভার স্থান | : | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সভাকক্ষ। |
| উপস্থিতি | : | **পরিশিষ্ট 'ক'** |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সূচনায় কর্তব্যে সভাপতি সুশাসন প্রতিষ্ঠান ও দুর্নীতি প্রতিরোধ শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা তুলে ধরেন। তিনি সকল কার্যালয় কর্তৃক গৃহীত দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমসমূহে যথাযথ বাস্তবায়নের বিভিন্ন দিক উপস্থাপন করেন। সভাপতি অনুমতিক্রমে জনাব মো: মেহেদী হাসান, উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন সকল উপমহাপরিদর্শকের কার্যালয় কর্তৃক শুদ্ধাচার কাঠামো বাস্তবায়ন প্রধান কার্যালয় হতে পরিবীক্ষণ করা হচ্ছে। সভাপতির অনুমতিক্রমে সকল উপমহাপরিদর্শকগণ ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টারের অগ্রগতির পৃথক পৃথক ভাবে সভায় উপস্থাপন করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন | সভাপতি বলেন, গৃহীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ মোতাবেক লক্ষ্যমাত্রা অর্জনে সকল কার্যালয়ের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীকে আন্তরিকভাবে কাজ করতে হবে। | সকল উপমহাপদির্শকের কার্যালয়কে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর স্ব-স্ব লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে হবে। | উমহাপরিদর্শক (সকল) |
| ২ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে কার্যক্রম | সভাপতির অনুমতিক্রমে জনাব মো: মেহেদী হাসান, উপমহাপরিদর্শক (স্বাস্থ্য শাখা) বলেন, সকল কার্যালয়ের ৩নং ক্রমিকে শিশুশ্রম নিরসন, ডে-কেয়ার সেন্টার স্থাপন এবং লাইসেন্স প্রদান সংক্রান্ত সুনির্দিষ্ট কার্যক্রমের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সভাপতি লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের সকলের সহযোগিতা কামনা করেন। | সকল উপমহাপদির্শকের কার্যালয়কে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলো যথাযথ সময়ে বাস্তবায়ন করতে হবে। | উমহাপরিদর্শক (সকল) |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | ওয়েব সাইট হালনাগাদকরণ | সভাপতি বলেন, হালনাগাদকৃত ওয়েবসাইট যেকোন কার্যক্রম সম্পাদনের অন্যতম প্রমাণক। তিনি সকল উপমহাপরিদর্শকগণকে তাদের স্ব স্ব কার্যালয়ের ওয়েবসাইটে নিয়মিতভাবে হালনাগাদকরণের জন্য আহ্বান জানান। | সকল উপমহাপদির্শকের কার্যালয়ের ওয়বসাইট নিয়মিতভাবে হালনাগাদ এবং তথ্য আপলোড করতে হবে। | উমহাপরিদর্শক (সকল) |
| ৪ | প্রতি কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোডকরণ। | সভাপতির অনুমতিক্রমে জনাব অনিরুদ্ধ মহালদার, সহকারী মহাপরিদর্শক (সাধারণ) এবং বিকল্প শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, প্রতি কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন স্ব স্ব কাযালয়ের নির্ধারিত লক্ষ্যমাত্রা মোতাবেক ওয়েবসাইটে আপলোড এবং প্রধান কার্যালয়ে প্রেরণ জরুরি। | প্রতি কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন আবশ্যিকভাবে লক্ষ্যমাত্রা মোতাবেক প্রধান কার্যালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করতে হবে। | উমহাপরিদর্শক (সকল) |

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১/১০/২১

মোঃ নাসির উদ্দিন আহমেদ
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২-৮৩৯১৩৪৮
ফ্যাক্সঃ ০২-৮৩৯১৪২৫
ই মেইলঃ ig@dife.gov.bd

উপ -মহাপরিদর্শক,
ঢাকা/নারায়নগঞ্জ/গাজীপুর/টাঙ্গাইল/মুন্সিগঞ্জ/ফরিদপুর/কিশোরগঞ্জ/নরসিংদী/পাবনা/রাজশাহী/সিরাজগঞ্জ/বগুড়া/চট্রগ্রাম/কুমিল্লা/কুষ্টিয়া/যশোর/খুলনা/সিলেট/মৌলভীবাজার/দিনাজপুর/রংপুর/বরিশাল/ময়মনসিংহ

স্মারক নং- ৪০.০১.০০০০.১০৪.১৬.০০৩.১৭-১৭৯

তারিখ: ১৫ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ / ৩১ অক্টোবর, ২০২১ খ্রি:

**অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে:-**

১। জনাব শাকিলা জেরিন আহমেদ, অতিরিক্ত সচিব, সমন্বয় ও আদালত, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জনাব অনিরুদ্ধ মহালদার, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), প্রশাসন ও উন্নয়ন শাখা ও শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়।
৩। জনাব মোঃ সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাঃ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৪। জনাব মোঃ আসলাম উদ্দিন, পিএ টু অতিরিক্ত মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয় (অতিরিক্ত মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। অফিস কপি।

৩১/১০/২১

মোঃ মেহেদী হাসান
উপমহাপরিদর্শক (স্বাস্থ্য শাখা)
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা